গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
বিরামপুর, দিনাজপুর।
acl.birampur.dinajpur.gov.bd

স্মারক নং- ৩১.০২.২৭১০.০০০.০২.০০১.২৪- ২৬৫

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৬ মার্চ ২০২৪ খ্রিঃ

# বাংলা ১৪৩১-১৪৩৩ সনের ২০ (একর) পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিরামপুর উপজেলাধীন বদ্ধ জলাশয়/জলমহাল/পুকুর (২০ একর পর্যন্ত) বাংলা ১৪৩১ সনের পহেলা বৈশাখ হতে ৩০ শে চৈত্র ১৪৩৩ সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের জন্য নির্ধারিত শর্ত সাপেক্ষে ২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ (১২ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ) ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখা ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০১.২৪.৩৬১ নং স্মারক অনুযায়ী সাধারণ আবেদনে আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমিতির নিকট হতে আহবান করা যাচ্ছে। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ ব্যাংকড্রাফট এর বিনিময়ে আবেদন ফরম/দরপত্র দাখিলের নিয়মাবলি সম্বলিত সিডিউল ও ফরম নিম্ন বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী (সরকারী ছুটির দিন ব্যতিত) উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর ও উপজেলা ভূমি অফিস, বিরামপুর হতে ক্রয় করা যাবে। দরপত্র সমূহ উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর এ রক্ষিত দরপত্র বাক্সে নিম্ন বর্ণিত তারিখ ও সময় অনুযায়ী জমা দেয়া যাবে এবং ঐ দিন বিকাল ২:০০ টার সময় উপস্থিত দরদাতাদের সমুক্ষে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে সরকারী ছুটি ঘোষিত হলে পরবর্তী কার্যদিবসে দরপত্র দাখিল করতে হবে। ইজারার অন্যান্য শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর ও উপজেলা ভূমি অফিস বিরামপুর, দিনাজপুর হতে পাওয়া যাবে। উল্লেখ্য, কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

## দরপত্র সিডিউল ক্রয়, দরপত্র দাখিল এবং খোলার তালিকা ও সময় সূচী

| সিডিউল ক্রয়ের সর্বশেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ২৭/০৩/২০২৪ | ২৭/০৩/২০২৪<br>দুপুর ১:০০ টা পর্যন্ত | ২৭/০৩/২০২৪<br>দুপুর ২:০০ টা | = ৫০০/-<br>(পাঁচশত টাকা মাত্র) |

শর্তাবলীঃ

১। সকল সরকারি বদ্ধ খাস জলমহাল ১৪৩১-১৪৩৩ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য ইজারা প্রদান করা হবে।

২। বিগত ০৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্যের সাথে ৫% অর্থ বৃদ্ধিতে সরকারী মূল্য নির্ধারন করা হবে। উল্লেখ্য সরকারী মূল্যের চেয়ে কমমূল্যে ইজারা দেয়া হবে না।

৩। সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধন প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎসজীবী সমিতি ও মৎসজীবী সমিতি/সংগঠন এবং উক্তরুপ সমিতি পাওয়া না গেলে সংশ্লিষ্টপুকুর/জলমহালের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বর্ণিত ব্যাক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত একক সমিতি (ক) বেকার যুবক, (খ) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধার সন্তান, (গ) যুব মহিলা, (ঘ) বিধবা স্বামী পরিত্যক্তা, (ঙ) আনসার ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য (চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যাক্তি (তবে কোন পরিবার হতে একাধিক ব্যাক্তি এ সমিতির সদস্য হতে পারবে না) আবেদন করতে পারবে। উল্লেখ্য, প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি বাদে যে সকল নিবন্ধনকৃত সমিতি দরপত্র জমা দিবেন, সে সকল সমিতিকে পুকুর ইজারা দেওয়ার বিষয়ে পুকুর ইজারা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত।

৪। জলাশয়ের তীরবর্তী/নিকটবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

৫। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠনকে ক্রয়কৃত নির্ধারিত ফরমে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যায়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারীর সত্যায়িত ছবি ০১(এক) কপি সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতি ০৩(তিন) বছর মেয়াদি ইজারা পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন ও সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনা/রুপরেখা সংযুক্ত করতে হবে। আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিলযোগ্য হবে।

৬। প্রতিটি দরপত্র খামের উপর জলমহালের নাম, বিবরন ও মৎস্যজীবী সমিতি/সংগঠনের নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বেনামে/ভূয়া/তঞ্চকতা পূর্ণভাবে কোন সমিতি/সংগঠনের নাম ব্যবহার করে দরপত্র দাখিল করা হলে অথবা তথ্য গোপন করা হলে উক্ত সমিতির বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। উক্ত সমিতির দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৭। প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ও মৎস্যজীবী সমিতি/সংগঠন-এ যদি কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নয়, তাহলে উক্ত সমিতি জলমহাল ইজারার অযোগ্য বিবেচিত হবে। এছাড়া আবেদনকারী মৎসজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমানস্বরুপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে দাখিল করবেন এবং সাথে বিগত ০২(দুই) বৎসরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবেনা।

৮। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর এর অনুকুলে সরকারী মূল্যের/দাখিলকৃত মূল্যের (তিন বৎসরের ইজারা মূল্যের) ২০% (বিশ) অর্থ জামানত বাবদ সোনালী ব্যাংক লিমিটেড হতে ব্যাংক ড্রাফট (বিডি)/পে- অর্ডার কপি দরপত্রের সাথে দাখিল করতে হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতিকে ব্যাংক ড্রাফট (বিডি)/পে- অর্ডার ফেরত প্রদান করা হবে। ইজারা প্রাপ্ত সমিতির শেষ বৎসরের ইজারা মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে।

৯। দরপত্রের সাথে সংযুক্ত প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি, সনদ প্রদানকারী বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১০। দরপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতাদের অনুকুলে আলাদাভাবে পত্র জারি করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বিরামপুর, দিনাজপুর ও উপজেলা ভূমি অফিস, বিরামপুর, দিনাজপুর এর নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে। ইজারা মূল্যের সমুদয় অর্থ সরকারের জলমহাল ইজারার জমার খাত ১-৪৬৩১-০০০০-১২৬১ নং কোডে, ইজারা মূল্যের উপর ভ্যাট বাবদ ১৫% অর্থ ১১৪১১০১ নম্বর এবং ইজারা মূল্যের উপর আয়কর বাবদ ১০% অর্থ ১১১১১০১ নম্বর কোডে বিজ্ঞপ্তির উল্লেখিত সময়ের মধ্যে জমা দিয়ে চালানের মূলকপি উপজেলা ভূমি অফিস, বিরামপুর, দিনাজপুর এ জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে ভ্যাট, আয়করসহ ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্তসহ ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদান করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১১। ইজারা অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা দাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল ১৯৯০ মোতাবেক ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় জলমহালের দখল হস্তান্তর করা হবে না।

১২। জলমহাল সরেজমিন পরিদর্শন করে জলমহাল সম্পর্কে বিভিন্ন তথ্য জেনে নিশ্চিত হয়ে দরপত্র জমা দিতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহনযোগ্য হবে না।

১৩। ইজারগ্রহীতা জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেহ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে-দখল করতে না পারে তা ইজারাগ্রহীতা নিশ্চিত করবেন।

১৪। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৫। ইজারাগ্রহীতা কোন জলাশয়ে সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবেনা এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি উপরিউক্ত কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমানিত হয় তবে ইজারা বাতিল করে পুনরায় ইজারা প্রদান করা হবে। এ ক্ষেত্রে ঐ ইজারা গ্রহীতা/সমিতি ০৩ (তিন) বৎসরের মধ্যে অপর কোন জলমহালের ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

১৬। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারি সম্পত্তি সংরক্ষন করবেন।

১৭। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মান করতে পারবেন না।

১৮। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/প্রতিষ্ঠান দু'টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

১৯। ইজারা কার্যক্রম গ্রহণের পরেও সরকার কর্তৃক কোন পরিপত্র বা আদেশ প্রদান করা হলে তা কার্যকর করা হবে।

২০। ইজারাকালীন সময়ে সরকার কর্তৃক নতুন কোন কর আরোপ করা হলে ইজারা গ্রহীতা তা বিধি মোতাবেক পরিশোধ করতে বাধ্য থাকবেন।

২১। জলমহালের ইজারা মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলাশয়ের দখল সহকারী কমিশনার (ভূমি) বরাবরে হস্তান্তর করতে হবে। দখল হস্তান্তরের জন্য আলাদা কোন নোটিশ করা হবে না।

২২। কোন সমিতির নিকট সায়রাত মহালের ইজারামূল্য বকেয়া থাকলে উক্ত সমিতির আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

২৩। ইজারা গ্রহীতাকে সরকারী জলমহাল নীতি,২০০৯ এবং সময়ে সময়ে জারীকৃত সরকারী আদেশ/নির্দেশ মেনে চলতে হবে।

২৪। ইজারা মেয়াদকাল ১লা বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বাংলা সন পর্যন্ত কার্যকর হবে এবং চুক্তিনামা সম্পাদনের পূর্বে জলমহালের দখল দেয়া হবে না এবং আবেদনপত্র অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হলে এ বিলম্বের কারণে কোন ভাবেই ইজারা মেয়াদকাল বর্ধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।

২৫। জলমহালের ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে শুরু হবে এবং বৎসরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ থেকে কার্যকর হবে।

২৬। ইজারাকালীন সময়ে সরকার কর্তৃক নতুন কোন কর আরোপ করা হলে ইজারাগ্রহীতা তা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

২৭। ইজারাকৃত জলমহালে বিষ প্রয়োগে মাছ ধরা/নিধন করা যাবে না।

২৮। ইজারার মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

২৯। দাখিলকৃত সীলমোহরকৃত খামের উপর জলমহালের নাম ও দরদাতার নামসহ পূর্ণ ঠিকানা উল্লেখ করতে হবে। কোন অস্পষ্ট, অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা, কাটাকাটি বা ফ্লুইড ব্যবহার করা দরপত্র গ্রহণ করা হবে না।

৩০। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বাতিল কিংবা গ্রহন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষন করেন।

১৩/০৩/২৪
নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বিরামপুর, দিনাজপুর।
মোবাইলঃ ০১৭৬১৪৯৩৫৩৩
e-mail:unobirampur@mopa.gov.bd

স্মারক নং- ৩১.০২.২৭১০.০০০.০২.০০১.২৪- ২৬৫(২০)

তারিখঃ ২৯ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৩ মার্চ ২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ১১ দিনাজপুর-৬।
২। জেলা প্রশাসক, দিনাজপুর।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
৪। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর।
৫। উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।
৬। উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিরামপুর থানা, বিরামপুর, দিনাজপুর।
৯। উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
১০। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর।
১৩। চেয়ারম্যান,............................ইউ,পি, বিরামপুর, দিনাজপুর।
১৪। জনাব......................................... বিরামপুর, দিনাজপুর।
১৫। অফিস কপি।

১৩/০৩/২৪
নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বিরামপুর, দিনাজপুর।

বিরামপুর উপজেলার বাংলা ১৪৩১-১৪৩৩ সনের সাধারণ আবেদনে ইজারাতব্য ৩৮ টি পুকুরের তালিকা।

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজা | দাগ নং | পরিমান | সর্বনিম্ন সরকারী ০৩ (তিন) বৎসরের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কাটলা | খিয়ার মামুদপুর | ৩৯২ | ০.৪১ | ৪২,৬৩৩/- | |
| ০২ | কাটলা | খিয়ার মামুদপুর | ১৫৫ | ১.৫৮ | ৫৪,৯১৮/- | |
| ০৩ | কাটলা | দক্ষিন দামোদরপুর | ১১১ | ০.৩০ | ২,২০৫/- | |
| ০৪ | দিওড় | দিওড় | ৬৯১ | ০.৫৪ | ১৮,২৭০/- | |
| ০৫ | দিওড় | দিওড় | ১১৫২ | ১.২৭ | ৪২,৯৭০/- | |
| ০৬ | দিওড় | বড়বাইলশিরা | ৪৬৩ | ০.১৬ | ১,২৬০/- | |
| ০৭ | দিওড় | বড় গোপালপুর | ২৮৭ | ০.৬০ | ১,৮৯০/- | |
| ০৮ | দিওড় | দেবরপাড়া | ২৮০ | ১.৭২ | ৩৯,৩৭৫/- | |
| ০৯ | দিওড় | বিজুল | ২৪৮৯ | ০.১৫ | ১,২৬০/- | |
| ১০ | দিওড় | বিজুল | ২৩৮৬ | ০.৩০ | ১,৮৯০/- | |
| ১১ | বিনাইল | তিতশ্বর | ১৩০ | ১.৪১ | ২১,৪২০/- | |
| ১২ | বিনাইল | তিতশ্বর | ১৬০ | ০.৭৬ | ৯,৪৫০/- | |
| ১৩ | বিনাইল | তিতশ্বর | ২৬২ | ০.৩৪ | ৯,৪৫০/- | |
| ১৪ | বিনাইল | তিতশ্বর | ২৯৮ | ০.৩১ | ২,২০৫/- | |
| ১৫ | বিনাইল | তিতশ্বর | ৩২২ | ০.৬৫ | ৮,৮২০/- | |
| ১৬ | বিনাইল | তিতশ্বর | ৩১৬ | ০.৬০ | ৯,৪৫০/- | |
| ১৭ | বিনাইল | তিতশ্বর | ৪২৫ | ০.৯৩ | ৩৩,০৭৫/- | |
| ১৮ | বিনাইল | তিতশ্বর | ৪২০ | ১.১৩ | ৪০,৯৫০/- | |
| ১৯ | বিনাইল | কল্যানপুর | ১৩৫৪ | ০.২৬ | ১,২৬০/- | |
| ২০ | বিনাইল | বাকুন্ডা | ৬৯ | ০.৯৭ | ৩২,৮২০/- | |
| ২১ | বিনাইল | বাকুন্ডা | ৫৬০ | ০.৯১ | ৩০,৭৯০/- | |
| ২২ | বিনাইল | বাকুন্ডা | ৪৪৬ | ৩.৫৯ | ১,২১,৪৬২/- | |
| ২৩ | বিনাইল | বাকুন্ডা | ২৭৩ | ০.৫৪ | ৩১,৫০০/- | |
| ২৪ | বিনাইল | কৃষ্ণবাটি | ১৭৪ | ০.৪৫ | ৪,৭২৫/- | |
| ২৫ | বিনাইল | কৃষ্ণবাটি | ১৮৫ | ০.০৮ | ৯৪৫/- | |
| ২৬ | বিনাইল | কৃষ্ণবাটি | ১৯৩ | ০.২৪ | ৮,৯২৮/- | |
| ২৭ | বিনাইল | কৃষ্ণবাটি | ৩৬৮ | ০.৭৯ | ২০,৪৭৫/- | |
| ২৮ | বিনাইল | কৃষ্ণবাটি | ২৭২ | ০.৭৮ | ৮,৮২০/- | |
| ২৯ | বিনাইল | কৃষ্ণবাটি | ৫৩৮ | ০.৭০ | ২৩,৬৮৪/- | |
| ৩০ | জোতবানী | তপশী | ২৪৩/২৮৩ | ০.২৬ | ২,২০৫/- | |
| ৩১ | জোতবানী | শিলাইবাড়ী | ১৩০ | ০.৮৪ | ৩৬,২২৫/- | |
| ৩২ | জোতবানী | মজালপুর | ৬৬ | ০.৩৪ | ১২,৬০০/- | |
| ৩৩ | জোতবানী | উত্তর হরিরামপুর | ২২৭ | ০.৯৫ | ৩২,১৪২/- | |
| ৩৪ | জোতবানী | উত্তর হরিরামপুর | ২৮ | ১.১৯ | ৪০,২৬২/- | |
| ৩৫ | জোতবানী | উত্তর হরিরামপুর | ০৮ | ১.২৮ | ৪৩,৩০৭/- | |
| ৩৬ | জোতবানী | উত্তর হরিরামপুর | ২১৪ | ০.৬৮ | ২৩,০০৭/- | |

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজা | দাগ নং | পরিমান | সর্বনিম্ন সরকারী ০৩ (তিন) বৎসরের মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ৩৭ | জোতবানী | উত্তর হরিরামপুর | ১৭৬ | ০.৬৫ | ২১,৯৯২/- | |
| ৩৮ | জোতবানী | লোহারিয়া | ২২ | ০.১৩ | ১,৮৯০/- | |

১৩/০৩/২৪

নুজহাত তাসনীম আওন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বিরামপুর, দিনাজপুর।
মোবাইলঃ ০১৭৬১৪৯৩৫৩৩
e-mail:unobirampur@mopa.gov.bd